# দূর-প্রশিক্ষণ পুস্তিকা
# [Distance-Training Package]

## ৩

# স্পিচ থেরাপী
# [Speech Therapy]

## কথা ও ভাষার বিকাশ
## [Speech & Language Development]

### যে শিশু কেবলমাত্র কয়েকটি শব্দ এবং ইশারা করতে পারে
### [The child who can say few words and communicate through gesture]

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন
Bangladesh Protibondhi Foundation

# দূর-প্রশিক্ষণ পুস্তিকা

## কথা ও ভাষার বিকাশ

## ৩

## যে শিশু কেবলমাত্র কয়েকটি শব্দ এবং ইশারা করতে পারে

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
PBF

•

প্রকাশকাল
১৯৯০

•

প্রথম সংস্করণ
১৯৯৯

•

লুসি টপিং-এর তত্ত্বাবধানে
তাহসিনা খাতুন

•

চিত্রশিল্পী
জাহাঙ্গীর হোসেন

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত
১২ নিউ সার্কুলার রোড, পশ্চিম মালিবাগ, ঢাকা-১২১৭

# সূচিপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| সূচনা | ১ |
| যে শিশু কেবলমাত্র কয়েকটি শব্দ এবং ইশারা করতে পারে তাদের জন্য কিছু কার্যাবলী | ২-৬ |

# সূচনা

সাধারণতঃ প্রত্যেকটি শিশু শারীরিক ও মানসিক ক্রমবিকাশের সাথে সাথে প্রকৃতির নিয়ম অনুযায়ী বসতে, হাঁটতে, কথা বলতে এবং খেতে শিখে থাকে।

আপনার শিশুটি স্বাভাবিক শিশুদের থেকে একটু ভিন্ন ধরনের। তাই সে একেবারেই কথা বলতে পারে না, কিছু শব্দ করতে পারে বা দুই/চারটি কথা বলতে পারে। আপনার শিশুর জন্য আমাদের দেয়া পরামর্শগুলো যদি সতর্কতার সাথে মেনে চলেন তাহলে ভবিষ্যতে সে কথা বলতে শিখবে। পরামর্শগুলো হলো :

১) প্রতিদিন আপনার শিশুকে কিছুটা সময় দিতে চেষ্টা করুন। দীর্ঘ সময় ব্যয় না করে নিয়মিত কিছুটা সময় দিন।

২) শিশুর প্রতি সদয় হোন এবং তার প্রতি আগ্রহ দেখান। শিশু যখন আপনাকে কিছু বলতে চেষ্টা করবে তাতে আপনি যে খুশি হয়েছেন তা বুঝতে দিন।

৩) শিশুকে কিছু বলতে বা আপনাকে কিছু বোঝাতে সময় দিন।


৪) শিশুকে কথা বলতে বাধ্য করবেন না। যখন সে পারবে তখন সে নিজেই বলবে। প্রত্যেকটি চেষ্টার জন্য শিশুকে উৎসাহিত করুন। কিন্তু শিশু কিছু বলতে অনিচ্ছা প্রকাশ করলে তাকে জোর করবেন না।

৫) মনে রাখবেন আপনার শিশু আপনার কাছ থেকেই শিখবে। অতএব সে কথা বলতে শিখবে যখন আপনি তার সাথে কথা বলবেন।

# যে শিশু কেবলমাত্র একটি শব্দ এবং ইশারা করতে পারে তাদের জন্য কিছু কাজ


১) যেহেতু আপনার শিশু দুই/তিনটি শব্দ বলতে পারে সেজন্য এমন একটি পরিবেশ সৃষ্টি করুন যাতে শিশুটি স্বাচ্ছন্দ্য বোধ করে এবং আনন্দ পায়।

২) যে কোনো পরিবেশ বা পরিস্থিতিতে শিশুটি যখন কোনো শব্দ বলবে তখন তাকে বাঁধা দেবেন না বরং উৎসাহিত করুন।



BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

৩) যখন আপনার শিশুটি প্রয়োজনীয় কোনো জিনিস চেয়ে ঠিকভাবে প্রকাশ করতে পারবে না তখন আপনি তার প্রতি বিরক্ত না হয়ে আগ্রহ সহকারে উক্ত জিনিসটি তাকে দিন এবং সেটি সম্বন্ধে শিশুকে কিছু বলুন। যেমন– শিশুটির ক্ষিদে পেলে যখন ঠিকভাবে প্রকাশ করতে পারবে না তখন তাকে খাবার দিতে হবে এবং হাসিমুখে তার ক্ষিদে পেয়েছে এবং তাকে কিছু খেতে দেয়া হয়েছে সে সম্বন্ধে বলুন।



বাবু, কলা খেতে কি মজা! তাই না?

৪) শিশুটিকে জামা-কাপড় পরানোর সময় সে সম্পর্কে তার সঙ্গে কিছু কথা বলুন।



বাবু এসো, তোমার প্যান্ট পরো।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

৫) শিশুটিকে গোসল করানোর সময় বা ঘুমানোর সময়ও তার সঙ্গে সে সম্পর্কে কিছু বলুন।

এটা পানি, এসো, গোসল কর।



৬) মা যখন দৈনন্দিন কাজে ব্যস্ত থাকবেন যেমন– রান্না করা, কাপড় ধোওয়া ইত্যাদি তখন শিশুকেও কাছে নিয়ে কিছু তরকারি বা কাপড় ও পানি দিয়ে খেলতে দিন। তাকে বলুন–

লক্ষ্মী মেয়ে,
কি সুন্দর
কাপড় ধুতে
পারে !



৭) মনে রাখবেন শিশুর সঙ্গে ইশারার মাধ্যমে কোনো কিছু না বলে সব কিছু কথার মাধ্যমে বলতে চেষ্টা করুন।

শিশু হাত দিয়ে কোন জিনিস নির্দেশ করলে মা সরাসরি জিনিসটি শিশুকে না দিয়ে সেটি সম্পর্কে শিশুকে কিছু বলবেন। যেমন– তুমি কি বলটি নিতে চাও ?



৮) শিশুকে রাগ বা জোর করে কিছু শেখাতে যাবেন না বা বলতে বাধ্য করবেন না। স্বাভাবিকভাবে শিশুকে খেলতে দেবেন এবং ওর সঙ্গে কথা বলবেন।

শিশুকে আকর্ষণীয় রঙ্গিন ছবি যেমন– জীব-জন্তু, ফুল বা ফলের ছবি দেখাবেন এবং সে সম্পর্কে তার সঙ্গে গল্প করবেন।



৯) ছড়া গান শুনানো ঃ

শিশুকে ছড়া, গান, কবিতা ইত্যাদি শোনাবেন। অভিনয় ও হাততালির মাধ্যমে শিশুকে শব্দ করতে উৎসাহিত করবেন।



BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

BANGLADESH PROTIBONDHI FOUNDATION

BPF